# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৫৯৯

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৮. নামাযরত অবস্থায় অট্টহাসি সম্পর্কিত হাদীস এবং তার ত্রুটিসমূহ

بَابُ أَحَادِيثِ الْقَهْقَهَةِ فِي الصَّلَاةِ وَعِلَلِهَا

আরবী

وَأَمَّا حَدِيثُ غَيْلَانَ بْنِ جَامِعٍ ، عَنْ مَنْصُورِ بْنِ زَاذَانَ بِمُخَالَفَةِ أَبِي حَنِيفَةَ عَنْهُ ، فَحَدَّثَنَا بِهِ الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ ، وَمُحَمَّدُ بْنُ مَخْلَدٍ ، قَالَا : نَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ الزُّهَيْرِيُّ أَبُو بَكْرٍ ، نَا يَحْيَى بْنُ يَعْلَى ، نَا أَبِي ، نَا غَيْلَانُ ، عَنْ مَنْصُورٍ الْوَاسِطِيِّ ـ وَهُوَ ابْنُ زَاذَانَ ـ عَنِ ابْنِ سِيرِينَ ، عَنْ مَعْبَدٍ الْجُهَنِيِّ ، قَالَ : " كَانَ النَّبِيُّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ يُصَلِّي الْغَدَاةَ ، فَجَاءَ رَجُلٌ أَعْمَى ، وَقَرِيبٌ مِنْ مُصَلَّى رَسُولِ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ بِئْرٌ عَلَى رَأْسِهَا جُلَّةٌ ، فَجَاءَ الْأَعْمَى يَمْشِي حَتَّى وَقَعَ فِيهَا ، فَضَحِكَ بَعْضُ الْقَوْمِ وَهُمْ فِي الصَّلَاةِ ، فَقَالَ النَّبِيُّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ بَعْدَ مَا قَضَى الصَّلَاةَ : " مَنْ ضَحِكَ مِنْكُمْ فَلْيُعِدِ الْوُضُوءَ وَلْيُعِدِ الصَّلَاةَ

বাংলা

৫৯৯(২৩). গাইলান ইবনে জামে’ (রহঃ) ... মা’বাদ আল-জুহানী (রহঃ) থেকে বর্ণিত।তিনি বলেন, নবীসাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফজরের নামায পড়ছিলেন। তখন এক অন্ধ ব্যক্তি এলো। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নামাযের স্থানের নিকট একটি কূপ ছিল, যার উপর খেজুর পাতা দেয়া ছিল। সেই অন্ধ ব্যক্তি হাঁটতে হাঁটতে এসে ঐ কূপের মধ্যে পড়ে গেল। তাতে নামাযরত কতক লোক হেসে দিলো। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নামায শেষে বলেনঃ তোমাদের মধ্যে যারা হেসেছে তারা যেন পুনরায় উযু করে এবং নামায পড়ে।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ মা'বাদ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80388

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন